রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ/০১ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৩৮৭-আইন/২০২৬।—যেহেতু স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৭ এর উপ-ধারা (১) এর বিধান মোতাবেক ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সীমানা নির্ধারণ কর্মকর্তা উক্ত কর্পোরেশনের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে, বিদ্যমান ১৫ নং ওয়ার্ডের নিম্ন তফসিলে বর্ণিত এলাকাসমূহকে ২(দুই) টি ওয়ার্ডে যথা-১৫ নং ওয়ার্ড ও নূতন ৫৫ নং ওয়ার্ডে বিভক্ত করিবার সুপারিশ করিয়াছেন;

সেহেতু, সরকার উক্ত আইনের ধারা ২৭ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সীমানার অন্তর্ভুক্ত নিম্ন তফসিলের কলাম (২) এ বর্ণিত মৌজা/জে. এল নং এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত মহল্লা/ভোটার এলাকাসমূহকে কলাম (১) এ বর্ণিত ওয়ার্ডে বিভক্ত করিয়া ধারা ৩০ এর দফা (ক) তে বর্ণিত বিধান অনুসারে উক্ত ওয়ার্ডসমূহকে সমন্বিত ওয়ার্ডরূপে চিহ্নিত করিল এবং ওয়ার্ডসমূহকে সংশ্লিষ্ট সংরক্ষিত আসনে বিভক্ত করিল, যথা:—

মূল্য : টাকা ৪.০০

তফসিল

সাধারণ ওয়ার্ড নম্বর	মৌজা/জে. এল নং	মহল্লা/ভোটার এলাকা	সাধারণ ওয়ার্ডের সীমানা/চৌহদ্দি
(১)	(২)	(৩)	(৪)
১৫	বাউনিয়া (আংশিক) জে. এল নং-১	বাইগারটেক, বারনটেক, বালুঘাট, আলুন্দীরটেক	উত্তর: কালী বাড়ীর মোড় হইয়া আলুন্দীরটেক মসজিদ দক্ষিণে: মাটিকাটা বাজার হইয়া মাটিকাটা (দেওয়ানপাড়া) পূর্বে: ক্যান্টনমেন্ট এলাকা পশ্চিমে: সাগুফতা হাউজিং সংলগ্ন বাউনিয়া খাল
	জোয়ারসাহারা (আংশিক) জে. এল নং ৩	মাটিকাটা, মানিকদী পূর্ব অংশ ও মানিকদী পশ্চিম অংশ	
৫৫	জোয়ারসাহারা (আংশিক) জে. এল নং ৩	মাটিকাটা (দেওয়ানপাড়া অংশ), ভাষানটেক পূর্ব অংশ ও ভাষানটেক পশ্চিম অংশ	উত্তরে: মাটিকাটা বাজার হইয়া মাটিকাটা (দেওয়ানপাড়া) দক্ষিণে: মিরপুর-১৪ মোড় সংলগ্ন ডেন্টাল কলেজ পূর্বে: ক্যান্টনমেন্ট এলাকা পশ্চিমে: রাকিন সিটি সংলগ্ন বাউনিয়া খাল
	ধামালকোট (আংশিক) জে, এল নং-৪	ধামালকোট, নেভীকলোনীর উত্তর পার্শ্ব	
	লালাসরাই (আংশিক) জে. এল নং ৭	লালাসরাই ক্যান্টনমেন্ট এলাকার পশ্চিম পার্শ্ব	

২। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট সংরক্ষিত আসনের ওয়ার্ডসমূহ:

সংরক্ষিত আসনের ওয়ার্ড নম্বর	**সাধারণ ওয়ার্ড নম্বরসমূহ**
সংরক্ষিত ওয়ার্ড-২	৪, ১৫, ১৬, ৫৫

রাষ্ট্রপতির আদেশক্রমে

জুয়েল রানা
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd